# রাজশাহী জেলাধীন বাগমারা উপজেলা পরিষদের জুলাই, ২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| অধিবেশন নং | ঃ | ৩১/২০২২ |
| সভার তারিখ | ঃ | ৩১-০৭-২০২২ খ্রি. |
| সময় | ঃ | সকাল ১০.৩০ টা |
| উপদেষ্টা | ঃ | জনাব ইঞ্জিনিয়ার এনামুল হক<br>মাননীয় সংসদ সদস্য, ৫৫, রাজশাহী-৪(বাগমারা) |
| সভাপতি | ঃ | জনাব মোহাম্মদ আসাদুজ্জামান<br>ভাইস চেয়ারম্যান (প্যানেল চেয়ারম্যান-১), উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী। |

সভায় উপস্থিত সদস্যদের তালিকা-পরিশিষ্ট "ক"(সংযুক্ত)
সভায় অনুপস্থিত সদস্যদের তালিকা-পরিশিষ্ট "খ"(সংযুক্ত)

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। অতপরঃ আলোচ্য সূচি অনুযায়ি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করা হয় এবং আলোচ্য সূচি অনুযায়ী সভা পরিচালনা করা হয়।

আলোচ্য বিষয় ঃ (১) বিগত সভার কার্যবিবরণী পঠন, অনুমোদন ও দৃঢ়ীকরণ।

সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন আপত্তি না থাকায় তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | (১) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, গত ২১/০৪/২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত (এপ্রিল ২০২২) উপজেলা পরিষদ সভায় গনিপুর ইউপির মোহনগঞ্জ হাটের এলজিইডি কর্তৃক নির্মিত পুরাতন ও ঝুঁকিপূর্ণ গোডাউন শুভডাঙ্গা ইউপির মচমইল হাটের এলজিইডি কর্তৃক নির্মিত ব্যবহার অনুপোযোগী ও ঝুঁকিপূর্ণ গোডাউন অপসারণ এবং সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) এর নতুন অফিস ভবন নির্মাণের লক্ষ্যে পুরাতন ভবনটি অপসারণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে প্রেক্ষিতে ভবন সমূহ অপসারণ ও নিলাম বিক্রয়ের জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা নিম্নরুপ ঃ<br>(ক) মোহনগঞ্জ হাটের গোডাউন ঃ প্রাক্কলিত মূল্য ৫৯,৮৮৮/- টাকা<br>(খ) মচমইল হাটের গোডাউন ঃ প্রাক্কলিত মূল্য ৬০,৫৭৪/- টাকা<br>(গ) জনস্বাস্থ্য প্রকৌশলী ভবন ঃ প্রাক্কলিত মূল্য ৪৮,৭৩৯/- টাক<br>প্রাক্কলনসমূহ অনুমোদনের জন্য সভায় অনুরোধ জানান। | (১) গনিপুর ইউপির মোহনগঞ্জ হাটের, শুভডাঙ্গা ইউপির মচমইল হাটের এলজিইডি কর্তৃক নির্মিত পুরাতন,ব্যবহার অনুপোযোগী ও ঝুঁকিপূর্ণ গোডাউন ০২টির এবং জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরের অপসারণযোগ্য ভবনের প্রাক্কলনসমূহ অনুমোদন করা হয়। এবিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| | (২) তিনি আরও জানান জাইকা কর্তৃক বরাদ্দকৃত অর্থায়নে ইতিপূর্বে ০৪টি প্রকল্প গ্রহণ করা হয়। উক্ত প্রকল্পের মধ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান আইসিটি কর্ণার নির্মাণ প্রকল্পটি বাদ দিয়ে মচমইল ডিগ্রী কলেজের ছাত্রীদের কমনরুম নির্মাণ প্রকল্প আরসিসি বেজ ডিজাইন করার প্রস্তাব রাখেন। এছাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা ভাক্সিনেশন স্থাপন কক্ষ নির্মাণের জন্য স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর থেকে অনাপত্তি পত্র (এনওসি)নিয়ে প্রক্কলন পুনরায় প্রেরণ করার জন্য জাইকা প্রকল্পের প্রকল্প পরিচালক মহোদয় পরামর্শ প্রদান করেছেন। এক্ষেত্রে এনওসির জন্য উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে প্রজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। | (২) উপজেলা প্রকৌশলীর প্রস্তাব অনুমোদন করা হয়। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার ও উপজেলা প্রকৌশলী |
| | (৩) উপজেলা প্রকৌশলী আরও জানান ২০২১-২২ অর্থ বছরে বাস্তবায়িত ০২টি প্রকল্পের ঠিকাদারকে বিল পরিশোধ করা যায়নি। কারণ উক্ত অর্থ বছরে মোট বরাদ্দ ছিল ১,২৪,০০,০০০/- টাকা কিন্তু টেন্ডার করা হয়েছে ১,৩৫,০০,০০০/- টাকা। অপরিশোধিত প্রকল্প সমূহ মরুগ্রম-সুটকিগাছা রাস্তা এইচবিবিকরণ বাবদ ৫,০০,০০০/- টাকা এবং লাউপাড়া নিম্নমাধ্যমিক স্কুল মেরামত ৬,০০,০০০/- টাকা। প্রকল্প ০২টির বিল ২০২২-২৩ অর্থ বছরে সমন্বয় করার জন্য সভায় অনুরোধ জানান। | (৩) ২০২১-২২ অর্থ বছরে অপরিশোধিত বিল ২০২২-২৩ অর্থ বছরে সমন্বয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার সভায় জানান যে, উপজেলা প্রশাসনের সহায়তায় বাগমারা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রশাসনিক ভবনের পেছনে নার্সিং ডরমেন্টরি ও ৪র্থ শ্রেণীর আবাসিক ভবনের মধ্যবর্তি উন্মুক্ত জায়গায় সংক্রিয় কৃষি আবহাওয়া যন্ত্র স্থাপনের জন্য ১২ফিট ২০ ফিট(২৪০ বর্গফুট) জায়গা আবহাওয়া অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ পরিদর্শন করেছে এবং উক্ত স্থানে সংক্রিয় কৃষি আবহাওয়া যন্ত্র স্থাপনের মতামত ব্যক্ত করেছেন। জনস্বার্থে বর্ণিত স্থানে সংক্রিয় কৃষি আবহাওয়া যন্ত্র স্থাপনের জন্য উল্লেখিত জমি ব্যবহারের অনুমতি প্রদান করা যেতে পারে। এছাড়া তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | জনস্বার্থে স্বাস্থ্য কমপ্লেক্স এর অভ্যন্তরে আলোচিত স্থানে সংক্রীয় কৃষি আবহাওয়া যন্ত্র স্থাপনের জন্য ১২ফিট ২০ ফিট (২৪০ বর্গফুট) জায়গা আবহাওয়া অধিদপ্তরকে ব্যবহারের অনুমতির সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া স্বাস্থ্য সেবা বৃদ্ধিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার |
| ০৩ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, চলমান কৃষিতে পাট কাটা চলছে। অত্র উপজেলায় লক্ষ্যমাত্রা অনুসারে পাট চাষ করা হয়েছে। তিনি আরও জানান বিশ্বে চলমান পরিস্থিতিতে রাসায়নিক সার বিশেষ করে এমওপি সারের সংকট দেখা দিতে পারে। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন। | রাসায়নিক সারের সরবরাহ স্বাভাবিক রাখার স্বার্থে প্রয়োজনীয় চাহিদার বিষয়ে সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষের সঙ্গেও মাননীয় সংসদ মহোদয়ের সাথে যোগাযোগ অব্যহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০৪ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তার অধিক্ষেত্রের সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ উন্নয়ন মূলক কাজ চলমান রয়েছে। প্রকৌশল দপ্তরের পাশাপাশি স্ব স্ব এলাকার জনপ্রতিনিধিবৃন্দ তদারকি করলে কাজের গুনগতমান নিশ্চিত হবে। তিনি আরও জানান পাঠ্যবই রাখার কোন গোডাউন না থাকায় প্রতি বছর সরকারিভাবে বরাদ্দকৃত পাঠ্য বই সংক্ষণ ও বিতরণ সমস্যার সৃষ্টি হয়। তিনি প্রাথমিক শিক্ষার জন্য একটি গোডাউন নির্মাণের বিষয়ে সভায় অনুরোধ জানান। | শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন ও প্রকল্পের কাজের মান উন্নয়নের লক্ষ্যে প্রকৌশল দপ্তরের পাশাপাশি জনপ্রতিনিধি বৃন্দকে তদারকির জন্য অনুরোধ করা হয়। এছাড়া প্রাথমিক শিক্ষা দপ্তরের পাঠ্যবই সংরক্ষণের লক্ষ্যে একটি গোডাউন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | জনপ্রতিনিধি বৃন্দ |
| ০৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের পক্ষে উপজেলা একাডেমিক সুপারভাইজার সভায় জানান গত অর্থ বছরে অত্র উপজেলার ১০টি শিক্ষা প্রতিষ্ঠান নতুনভাবে এমপিও ভুক্ত হয়েছে। এ প্রসঙ্গে মাননীয় সংসদ সদস্য মহোদয় জানান এখন পর্যন্ত যে সকল শিক্ষা প্রতিষ্ঠান এমপিও ভুক্ত হয়নি তার তালিকা তাঁকে অবহিত করতে হবে। | যে সকল শিক্ষা প্রতিষ্ঠান এখন পর্যন্ত এমপিও ভুক্ত হয়নি তার তালিকা মাননীয় সংসদ সদস্য মহোদয়কে সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৬ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, তার দপ্তরের ২০০৫ সাল থেকে ঋণের ৬ লক্ষ টাকা অনাদায়ী ছিল। সংশ্লিষ্ট সকলের সহযোগিতার ইতিমধ্যে ৩লক্ষ টাকা আদায় করা হয়েছে। অবশিষ্ট ৩ লক্ষ টাকা আদায়ে পুনরায় সহযোগিতার জন্য সভায় অনুরোধ জানান। | খেলাপী ঋণ আদায়ে উপজেলা মহিলা বিষয়ক দপ্তরকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য জনপ্রতিনিধিবৃন্দ কে অনুরোধ করা হয়। | জনপ্রতিনিধি বৃন্দ |
| ০৭ | উপজেলা সমাজ সেবা অফিসার সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ০৮ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার দপ্তর কর্তৃক ১৭০টি সমবায় সমিতির কার্যক্রম পরিচালিত হচ্ছে। এ প্রসঙ্গে সভায় উপস্থিত অধিকাংশ জনপ্রতিনিধি জানান গ্রাম পর্যায়ে অনেক সমিতি চড়াসুদে বিধি বহির্ভূতভাবে ঋণ কার্যক্রম পরিচালনা করছে। এমনকি সমিতির সদস্য ছাড়া সাধারণ জনগণের মাঝে বেআইনিভাবে ঋণ প্রদান করছে। এনিয়ে প্রায় এলাকায় জটিলতার সৃষ্টি হয়। সমবায় সমিতি কর্তৃক অবৈধ্য ঋন কার্যক্রম যেন পরিচালতি না হয় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ প্রয়োজন। | উপজেলা সমবায় দপ্তরকর্তৃক নিবন্ধিত সমবায় সমিতি বিধি বহির্ভুতভাবে যেন ঋণ কার্যক্রম পরিচালনা করতে না পারে সে বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ০৯ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, বারনই নদীতে রাজশাহী সিটিকর্পোরেশন এলাকার বর্জ নামার ফলে পানি দূষিতসহ নদীর মাছ মারা যাচ্ছে। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | বিষয়টি জেলা উন্নয়ন সমন্বয় কমিটিতে উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ১০ | উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, বর্তমানে বাগমারা উপজেলার ভোটার সংখ্যা ৩,১৭,৭৫৮ জন। আগামী ৩ সেপ্টেম্বর থেকে নতুন ভোটার অন্তর্ভুক্তির কাজ শুরু হবে। অনলাইন জন্মসনদ না থাকলে কোন ব্যক্তি নতুনভাবে ভোটার হতে পারবে না। বিষয়টি স্ব স্ব এলাকার জনসাধারণকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রতিনিধিবৃন্দকে অনুরোধ জানান। | নতুন ভোটার অন্তর্ভুক্তিতে অনলাইন জন্মসনদ ব্যতিত কোন ব্যক্তি নতুনভাবে ভোটার হতে পারবেনা বিষয়টি স্ব স্ব এলাকায় ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রতিনিধিবৃন্দকে অনুরোধ করা হয়। | জনপ্রতিনিধি বৃন্দ |
| ১১ | ডিজিএম নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, বাগমারা জোন সভায় জানান বাগমারা উপজেলায় বিদ্যুৎ এর চাহিদা ৩০ মেগাওয়ার্ট কিন্তু সরবরাহ পাওয়া যাচ্ছে ১৯ মেগাওয়ার্ট। যার জন্য লোডসেডিং হচ্ছে। লোডসেডিং এর বিষয়ে সবাইকে ধৈর্য্য ধারন করার অনুরোধ জানান। | সরকারী নির্দেশনা মোতাবেক বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী ও লোডসেডিং এর বিষয়ে বিদ্যুৎ প্রাপ্তি ও সরবরাহের তথ্য জনসাধারণকে অবহিত করণসহ ধৈর্য্য ধারণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রতিনিধিবৃন্দকে অনুরোধ করা হলো। | জনপ্রতিনিধি বৃন্দ |
| ১২ | উপজেলা পরিভার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, তার অধিক্ষেত্রের ১১টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মধ্যে ১০টি কেন্দ্রের সীমানা প্রাচির না থাকায় সরকারি জায়গা অপদখল হচ্ছে। সরকারি জায়গা অপদখল রোধে পর্যায়ক্রমে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহে সীমানা প্রাচির নির্মাণের ব্যবস্থা গ্রহণের জান্য সভায় অনুরোধ জানান। | সরকারি জায়গা অপদখল রোধে পর্যায়ক্রমে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহে সীমানা প্রাচির নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৩ | চেয়ারম্যান, গোয়ালকান্দি ইউপি সভায় জানান তার ইউনিয়নে সমবায় দপ্তরকর্তৃক নিবন্ধিত অনেক সমবায় সমিতি তাদের সদস্যদের মধ্যেই ঋণ কার্যক্রম পরিচালনার কথা থাকলেও তারা আইনের তোয়াক্কা না করে সমিতির বাইরের লোকজনদের উচ্চ সুদে ঋণ দিচ্ছে যা কোন মতেই কাম্য নয়। এবিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসারের দৃষ্টি আকর্ষন করেন। | কোন নিবন্ধিত সমবায় সমিতি তাদের নির্ধারিত সদস্য ছাড়া অন্য কোথায় ঋণ কার্যক্রম পরিচালনা করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৪ | চেয়ারম্যান, শ্রীপুর ইউপি সভায় জানান যে, তার ইউনিয়নের অধিকাংশ রাস্তা কাঁচা এবং যানবাহন চলাচলের অনুপোযোগী। জনস্বার্থে পর্যায়ক্রমে রাস্তসমূহ পাকা করা প্রয়োজন। | অতিজরুরী ও জনগুরুত্বপূর্ণ রাস্তা পাকাকরণের লক্ষ্যে তালিকা প্রনয়ণ করে উপজেলা প্রকৌশল দপ্তরে জমা প্রদানের জন্য চেয়ারম্যান, শ্রীপুর ইউপিকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, শ্রীপুর ইউপি |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | চেয়ারম্যান, শুভডাঙ্গা ইউপি সভায় জানান যে, তার ইউপির ধামিন কৌড় পাকা রাস্তায় কালভার্ট হবে মর্মে খনন করা হয়েছে। পরবর্তীতে উক্ত স্থানে কালভার্ট না করায় সড়ক দূর্ঘটনায় একজন লোক নিহত হয়েছে। এখন পর্যন্ত উক্ত স্থান খননকৃত অবস্থায় রয়েছে। তিনি আরও জানান মচমইল কেশরহাট রাস্তার রায়পাড়া ব্রীজ সংলগ্ন স্থানে কাজ অসমাপ্ত রয়েছে। জরুরী ভিত্তিতে উল্লেখিত স্থানসমূহের রাস্তা সংস্কারের অনুরোধ জানান। | আলোচিত ধামিনকৌড় রাস্তা ও রায়পাড়া ব্রীজ সংলগ্ন রাস্তা জরুরী ভিত্তিতে সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৬ | চেয়ারম্যান,হামিরকুৎসা ইউপি সভায় জানান যে, হামিরকুৎসা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন না থাকায় ছাত্র-ছাত্রীদের শ্রেণি কক্ষের সংকট দেখা দিয়েছে। জরুরী ভিত্তিতে উক্ত প্রতিষ্ঠানে একটি নতুন ভবন নির্মাণে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | শ্রেণি কক্ষ সংকট নিরশনে হামিরকুৎসা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণের বিষয়ে সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষের সঙ্গে পত্র যোগাযোগের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। এছাড়া গৃহীত ব্যবস্থা সম্পর্কে মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১৭ | চেয়ারম্যান, গোবিন্দপাড়া ইউপি সভায় জানান যে, তার ইউপির চাঁইসাড়া থেকে রমজানপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা অত্যন্ত খারাপ হওয়ায় স্কুলগামি শিক্ষক কর্মচারি ও ছাত্রছাত্রীদের যাতায়াত কষ্টসাধ্য হয়ে পড়েছে। উক্ত রাস্তাটি পাকা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | স্কুলগামি শিক্ষক কর্মচারি ও ছাত্রছাত্রীদের যাতায়াতের সুবিধার্থে চাঁইসাড়া থেকে রমজানপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তাটি পাকা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৮ | চেয়ারম্যান, বাসুপাড়া ইউপি সভায় জানান যে, তার ইউপির যতিনগঞ্জ বাজারের সন্নিকটে এলজিইডি'র রাস্তার ৩টি বাবলা গাছ দুষ্কৃতিকারি কর্তৃক কর্তন করা হয়। গাছ কাটার খবর পেয়ে সেখানে গ্রাম পুলিশ পাঠানো হয়। গ্রাম পুলিশ পৌছার পূর্বেই গাছ কর্তনকারী ব্যক্তিবর্গ পালিয়ে যায়। কর্তনকৃত গাছ গুলি উদ্ধার করে ইউনিয়ন পরিষদে সংরক্ষণ করা হয়েছে। চুরি করে গাছ কাটা রোধ করা না গেলে ভবিষ্যতে রাস্তার গাছ সংরক্ষণ বিঘ্নিত হবে। যার জন্য তিনি তদন্তের মাধ্যমে দোষি ব্যক্তিবর্গ সনাক্ত ও তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | সরকারি রাস্তার গাছ কর্তনকারীদের তদন্তের মাধ্যমে সনাক্ত ও তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ বাগমারা থানাকে অনুরোধ করা হয়। এছাড়া বাসুপাড়া ইউনিয়ন পরিষদের সংরক্ষিত গাছ বিধিমোতাবেক নিলামে বিক্রয় করে নিলামকৃত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ বাগমারা থানা<br><br>উপজেলা প্রকৌশলী |
| ১৯ | মেয়র, ভবানীগঞ্জ পৌরসভা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মূলতঃ গ্রামীন জনগোষ্টির স্বাস্থ্য সেবা প্রদানের জন্যই সৃষ্ঠি হয়েছে। কিন্তু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তিকৃত রোগীদের বিভিন্ন পরীক্ষা নিরীক্ষা সেখানে না করে বিভিন্ন বেসরকারি ক্লিনিকে পাঠানো হচ্ছে। যা অত্যন্ত দুঃখজনক। এছাড়া বেসরকারি ক্লিনিকে বিভিন্ন পরীক্ষা নিরীক্ষার ব্যয়ভার মিটানোর সাধ্য অনেক রোগীদের থাকে না। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে থেকেই সকল স্বাস্থ্যসেবা প্রদান নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে সকল প্রকার স্বাস্থ্য সেবা প্রদান নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার |
| ২০ | উপজেলা পরিষদের সংরক্ষিত নারী সদস্য জনাব কুসুম বিবি সভায় জানান ঝিকরা ইউপির রায় সেনপাড়া বামুনকের বাড়ি হতে মসজিদ পর্যন্ত রাস্তা অত্যন্ত খারাপ হওয়ায় মুসল্লিদের মসজিদে যাতায়াতে অনেক কষ্ট হয়। জরুরী ভিত্তিতে উক্ত রাস্তাটি পাকাকরণের জন্য সভায় অনুরোধ জানান। | মুসল্লিদের যাতায়াতের সুবিধার্থে ঝিকরা ইউপির রায় সেনপাড়া বামুনকের বাড়ি হতে মসজিদ পর্যন্ত রাস্তাটি পাকা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| ২১ | মাননীয় সংসদ সদস্য, ৫৫ রাজশাহী-৪(বাগমারা) ও উপজেলা পরিষদের সম্মানীত উপদেষ্টা আসন্ন শোকের মাসকে স্বরণ করে উপজেলা পরিষদের বিভিন্ন দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে ও জনকল্যাণে নিম্নবর্ণিত পরামর্শ প্রদান করেন ঃ<br><br>১। বর্তমান সরকারের দুরদর্শিতার কারণে শহর গ্রাম প্রতিটি পর্যায়ে উন্নয়ন কাজ পরিচালিত হচ্ছে। এছাড়া সামাজিক উন্নয়ন, সামজিক নিরাপত্তা ও গ্রামের তৃণমুল পর্যায়ের জনগণ দ্রুততম সময়ে সকল সেবা পাচ্ছে। এধারা অব্যহত রাখতে সকল বিভাগীয় কর্মকর্তা ও জনপ্রতিনিধিবৃন্দকে আরও সুচারুভাবে দায়িত্বপালন করতে হবে। সমন্বিত উন্নয়নের মাধ্যমে বাগমারা উপজেলাকে এগিয়ে নেয়ার পরামর্শ প্রদান করেন।<br>২। বর্তমানে স্কুল / কলেজগামী ছাত্রছাত্রী মাদকাসক্তসহ বিভিন্ন অবক্ষয়ের দিকে ধাবিত হচ্ছে। এখনই তাদেরকে ফিরাতে হবে। পরবর্তী প্রজন্মকে বাঁচাতে হলে এখনই সম্মিলিত পদক্ষেপ গ্রহণ বাস্তবায়নের সভায় পরামর্শ প্রদান করেন।<br>৩। উপজেলা পরিষদকে শক্তিশালি, জবাবদিহি ও উন্নয়ন কার্যক্রম তরান্বিত করার লক্ষ্যে স্থায়ী কমিটির কার্যক্রম জোরদার করার পরামর্শ প্রদান করেন।<br>৪। এলাকার সকল বিষয়ে উন্নয়নের চিন্তা ধারা মাথায় রেখে জনকল্যাণে কাজ করার জন্য জনপ্রতিনিধিবৃন্দকে পরার্মশ প্রদান করেন।<br>৫। বিভাগীয় কর্মকর্তাদের লিডারশীপ বাদ দিয়ে জনগণের সেবা করার মনমানসিকতা নিয়ে কাজ করার পরামর্শ প্রদান করেন।<br>৬। স্বাস্থ্য সেবার মান বাড়াতে বেসরকারি ক্লিনিক গড়ে উঠা রোধ করে সরকারি স্বাস্থ্য কমপ্লেক্সে জনসাধারণের সকল প্রকার স্বাস্থ্য সেবা প্রদান নিশ্চিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসারকে পরামর্শ প্রদান করেন।<br>৭। উপজেলা পরিষদের পুকুর সংস্কারের মাধ্যমে ছেলে মেয়েদের সাঁতার প্রশিক্ষণ (সুইমিং পুল) উপযোগী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে পরামর্শ প্রদান করা হয়।<br>৮। উপজেলা সদরে যানজট নিরশনে রাস্তা বৃদ্ধিকল্পে উপজেলা পরিষদের জমিতে অবস্থিত দোকানপাট (মার্কেট) অপসারণের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে পরার্মশ প্রদান করেন।<br>৯। উপজেলা পরিষদ সভায় অংশগ্রহণের লক্ষ্যে সকল বিভাগীয় কর্মকর্তা ও জনপ্রতিনিধি বৃন্দকে বিভাগ ওয়ারি লিখিত তথ্যউপাত্তসহ ( হোম ওয়ার্ক করে) যথাসময়ে সভায় উপস্থিত থাকার পরার্ম প্রদান করেন। | ১। বাগমারা উপজেলাকে এগিয়ে নেয়ার জন্য সমন্বিত উদ্যোগের মাধ্যমে সকল প্রকার উন্নয়ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের জন্য বিভাগীয় কর্মকর্তা ও জনপ্রতিনিধিবৃন্দকে অনুরোধ করা হয়।<br>২। পরবর্তী প্রজন্মকে সুস্থভাবে বাঁচাতে মাদক নির্মূলে প্রশাসন ও জনপ্রতিনিধিবৃন্দকে অধিক সোচ্ছার ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>৩। উপজেলা পরিষদকে শক্তিশালি, জবাবদিহি ও উন্নয়ন কার্যক্রম তরান্বিত করার লক্ষ্যে স্থায়ী কমিটির কার্যক্রম জোরদারের জন্য সংশ্লিষ্ট কমিটিকে অনুরোধ করা হয়।<br>৪। জনকল্যাণে উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রতিনিধি বৃন্দকে অনুরোধ করা হয়।<br>৫। বিভাগীয় কর্মকর্তাদের লিডারশীপ বাদ দিয়ে জনগণের সেবা করার মনমানসিকতা নিয়ে কাজ করার জন্য অনুরোধ করা হয়।<br>৬। স্বাস্থ্য বিভাগীয় অভিযোগ এড়াতে সকল প্রকার স্বাস্থ্য সেবা প্রদানের মাধ্যমে জনগণের সন্তুষ্টি অর্জনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসারকে অনুরোধ করা হয়।<br>৭। উপজেলা পরিষদের পুকুর সংস্কারের মাধ্যমে ছেলে মেয়েদের সাঁতার প্রশিক্ষণ (সুইমিং পুল) উপযোগী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>৮। উপজেলা সদরে যানজট নিরশনে রাস্তা বৃদ্ধিকল্পে উপজেলা পরিষদের জমিতে অবস্থিত দোকানপাট (মার্কেট) অপসারণের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>৯। উপজেলা পরিষদ সভায় অংশগ্রহণের লক্ষ্যে সকল বিভাগীয় কর্মকর্তা ও জনপ্রতিনিধি বৃন্দকে বিভাগ ওয়ারি লিখিত তথ্যউপাত্তসহ ( হোম ওয়ার্ক করে) যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | বিভাগীয় কর্মকর্তা ও জন প্রতিনিধিবৃন্দ<br><br>প্রশাসন ও জন প্রতিনিধিবৃন্দ<br><br>সংশ্লিষ্ট কমিটি<br><br>জন প্রতিনিধি বৃন্দ<br>বিভাগীয় কর্মকর্তা<br><br>উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার<br><br>উপজেলা নির্বাহী অফিসার<br><br>উপজেলা নির্বাহী অফিসার<br><br>বিভাগীয় কর্মকর্তা ও জনপ্রতিনিধি বৃন্দ |

| | | | |
|---|---|---|---|
| ২২ | অদ্যকার সভার সভাপতি ভাইস চেয়ারম্যান (প্যানেল চেয়ারম্যান-১) জনাব মোহাম্মদ আসাদুজ্জামান সভায় জানান উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব অনিল কুমার গুরুতর অসুস্থ হয়ে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। বিদেশে উন্নত চিকিৎসার জন্য তিনি ০১ সেপ্টেম্বর ২০২২ হতে ৩০ সেপ্টেম্বর ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ছুটির প্রয়োজন মর্মে অবহিত করেছেন। এছাড়া তিনি সুস্থতার জন্য সকলের দোয়া আর্শিরবাদ কামনা করেছেন। | বিদেশে উন্নত চিকিৎসার জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যানের চাহিদাকৃত ছুটি স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। এ বিষয়ে প্রয়োজনয়ি ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। এছাড়া তাঁর আশু রোগ মুক্তি কামনা করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ আসাদুজ্জামান)
ভাইস চেয়ারম্যান
(প্যানেল চেয়ারম্যান-১)
ও
সভাপতি
উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগমারা,রাজশাহী

স্মারক নং-০৫.৪৩.৮১১২.০০২.০২.০৩৫.২২- (৫০)

তারিখ ঃ ০৭ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ / ২২ আগষ্ট ২০২২ খ্রি.

**অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল ঃ**

০১। মাননীয় সংসদ সদস্য, ৫৫ রাজশাহী-৪(বাগমারা)।

০২। সিনিয়র সচিব, স্হানীয় সরকার বিভাগ, স্হানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। পরিচালক, স্হানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

০৪। জেলা প্রশাসক, রাজশাহী।

০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী।

০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী।

০৭। উপজেলা ........................................................অফিসার,বাগমারা, রাজশাহী।

০৮। চেয়ারম্যান..........................................................ইউপি,বাগমারা, রাজশাহী।

০৯। জনাব....................................................................... বাগমারা, রাজশাহী।

(সাইদা খানম)
উপজেলা নির্বাহী অফিসার
বাগমারা, রাজশাহী
ফোন-০২৫৮৮৮৬৯৫০১
email.unobagmara@mopa.gov.bd

**<u>তারিখঃ ২৩-০৭-২০২২ খ্রি.</u>**

**<u>সভায় উপস্হিত সদস্যদের তালিকা-পরিশিষ্ট “ক” (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>**

০১। উপজেলা নির্বাহী অফিসার,বাগমারা,রাজশাহী
০২। মেয়র, ভবানীগঞ্জ পৌরসভা, বাগমারা, রাজশাহী
০৩। জনাব মোছাঃ মমতাজ আক্তার বেবী, মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ
০৪। জনাব বিজন সরকার, চেয়ারম্যান, গোবিন্দপাড়া ইউপি
০৫। জনাব মোঃ মতিউর রহমান, চেয়ারম্যান, নরদাশ ইউপি
০৬। জনাব মোঃ মকলেছুর রহমান দুলাল, চেয়ারম্যান, দ্বীপপুর ইউপি
০৭। জনাব মোঃ মাহামুদুর রহমান, চেয়ারম্যান, বড়বিহানালী ইউপি
০৮। জনাব মোঃ মকবুল হোসেন মৃধা, চেয়ারম্যান, শ্রীপুর ইউপি
০৯। জনাব মোঃ আজাহারুল হক, চেয়ারম্যান,সোনাডাঙ্গা ইউপি
১০। জনাব আব্দুল জব্বার মন্ডল, চেয়ারম্যান, বাসুপাড়া ইউপি
১১। জনাব মোঃ আয়েন উদ্দিন, চেয়ারম্যান, কাচারী কোয়ালীপাড়া ইউপি
১২। জনাব মোঃ হাকিম উদ্দিন, চেয়ারম্যান, শুভডাঙ্গা ইউপি
১৩। জনাব মোঃ আসলাম আলী আসকান, চেয়ারম্যান, মাড়িয়া ইউপি
১৪। জনাব মোঃ মনিরুজ্জামান মন্ডল, চেয়ারম্যান, গনিপুর ইউপি
১৫। জনাব মোঃ আঃ হামিদ ফৌজদার, চেয়ারম্যান, ঝিকরা ইউপি
১৬। জনাব মোঃ আলমগীর সরকার, চেয়ারম্যান, গোয়ালকান্দি ইউপি
১৭। জনাব মোঃ মোস্তফা কামাল, চেয়ারম্যান, যোগীপাড়া ইউপি
১৮। জনাব মোঃ আনোয়ার হোসেন, চেয়ারম্যান, হামিরকুৎসা ইউপি
১৯। জনাব মোছাঃ শামিমা আক্তার, সংরক্ষিত নারী সদস্য উপজেলা পরিষদ, বাগমারা
২০। জনাব মোছাঃ কুসুম বিবি, সংরক্ষিত নারী সদস্য উপজেলা পরিষদ, বাগমারা
২১। জনাব শেফালী বিবি, সংরক্ষিত নারী সদস্য উপজেলা পরিষদ, বাগমারা
২২। জনাব মোছাঃ জান্নাতুন নেছা, সংরক্ষিত নারী সদস্য উপজেলা পরিষদ, বাগমারা
২৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার,বাগমারা,রাজশাহী
২৪। উপজেলা কৃষি অফিসার,বাগমারা,রাজশাহী
২৫। উপজেলা প্রাণি সম্পদ অফিসার,বাগমারা,রাজশাহী
২৬। উপজেলা মৎস্য অফিসার,বাগমারা,রাজশাহী
২৭। উপজেলা প্রকৌশলী,বাগমারা,রাজশাহী
২৮। অফিসার ইনচার্জ, বাগমারা থানা
২৯। উপজেলা শিক্ষা অফিসার, বাগমারা, রাজশাহী
৩০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাগমারা, রাজশাহী
৩১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, বাগমারা, রাজশাহী
৩২। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বাগমারা, রাজশাহী।
৩৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বাগমারা, রাজশাহী
৩৪। উপজেলা সমাজ সেবা অফিসার, বাগমারা, রাজশাহী
৩৫। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, বাগমারা, রাজশাহী
৩৬। ডিজিএম, নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, বাগমারা
৩৭। সহকারী প্রকৌশলী(বিএমডিএ), বাগমারা, রাজশাহী
৩৮। সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাগমারা, রাজশাহী
৩৯। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাগমারা, রাজশাহী
৪০। উপজেলা বন কর্মকর্তা, বাগমারা, রাজশাহী
৪১। উপজেলা যুবউন্নয়ন অফিসার, বাগমারা, রাজশাহী
৪২। উপজেলা আনসার ভিডিপি অফিসার,বাগমারা, রাজশাহী
৪৩। উপজেলা ইন্সট্রাক্টর, ইউআরসি, বাগমারা
৪৪। উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প,বাগমারা
৪৫। জনাব মোছাঃ সাবিনা খাতুন, তথ্য সেবা কর্মকর্তা, তথ্য প্রকল্প, বাগমারা
৪৬। জনাব মোঃ গোলাম সারোয়ার আবুল, মাননীয় সংসদ সদস্যের প্রতিনিধি
৪৭। জনাব মোঃ নুরুল ইসলাম, মাননীয় সংসদ সদস্যের প্রতিনিধি

**<u>সভায় অনুপস্হিত সদস্যদের তালিকা-পরিশিষ্ট “খ” (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>**

০১। মেয়র, তাহেরপুর পৌরসভা, বাগমারা, রাজশাহী
০২। জনাব সরদার জান মোহাম্মদ, চেয়ারম্যান, আউচপাড়া ইউপি
০৩। উপজেলা সমবায় অফিসার, বাগমারা, রাজশাহী
০৪। উপজেলা পরিসংখ্যান অফিসার, বাগমারা, রাজশাহী
০৫। উপ-সহকারী প্রকৌশলী(শিক্ষা), বাগমারা, রাজশাহী
০৬। জনাব মোঃ রফিকুল ইসলাম, বীরমুক্তিযোদ্ধা মাননীয় সংসদ সদস্যের প্রতিনিধি
০৭। তথ্য সেবা কর্মকর্তা, বাগমারা, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
বাগমারা, রাজশাহী
www.bagmara.rajshahi.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১১২.০০০.১৪.০১০.২২-

তারিখ ঃ ০৭ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
২২ আগষ্ট ২০২২ খ্রি.

## নোটিশ

এতদ্বারা বাগমারা উপজেলা পরিষদের সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাগণকে জানানো যাচ্ছে যে নিম্নবর্ণিত তারিখ ও সময়ে ৫ম উপজেলা পরিষদের আগষ্ট,২০২২ মাসের মাসিক সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় মাননীয় সংসদ সদস্য, ৫৫ রাজশাহী-৪(বাগমারা) ও উপদেষ্টা উপজেলা পরিষদ উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

| ক্রমিক নং | সভার নাম | তারিখ | সময় | সভাপতি |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের মাসিক সভা | ০১/০৯/২০২২ | সকাল ১০.৩০ | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ |

সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। এ ছাড়া সভার কার্যপত্র প্রস্তুতের লক্ষ্যে গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং স্ব স্ব বিভাগের সমন্বয় সভায় উপস্থাপনযোগ্য কোন বিষয় থাকলে সেটি হার্ড কপি ও সফট কপি আকারে ২৫/০৮/২০২২ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকরীর কার্যালয়ে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য বিষয় ঃ**

১। বার্ষিক উন্নয়ন কর্মসূচির অগ্রগতি সম্পর্কে আলোচনা।
২। বিভাগীয় আলোচনা।
৩। বিবিধ আলোচনা।

(সাইদা খানম)
উপজেলা নির্বাহী অফিসার
বাগমারা,রাজশাহী
ফোন-০২৫৮৮৮৬৯৫০১
email.unobagmara@mopa.gov.bd

**অনুলিপি সদয় অবগতি জন্য ঃ**

(১) জনাব ইঞ্জিনিয়ার এনামুল হক,মাননীয় সংসদ সদস্য, ৫৫ রাজশাহী-৪(বাগমারা)।
(২) বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
(৩) জেলা প্রশাসক, রাজশাহী।
(৪) পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী ।
(৫) উপ পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী।
(৬) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী।

**অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ**

(১) মেয়র, তাহেরপুর/ভবানীগঞ্জ পৌরসভা, বাগমারা, রাজশাহী।
(২) ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী।
(৩) উপজেলা ......................................................................অফিসার, বাগমারা, রাজশাহী।
(৪) চেয়ারম্যান..............................................................(সকল) ইউপি, বাগমারা, রাজশাহী।
(৫) জনাব..........................................................................................................
.........................................................................................বাগমারা, রাজশাহী।